দৈনিক সংবাদ

তারিখ 16 DEC 1988
পৃষ্ঠা 4 কলাম 1

শিক্ষা তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

## চট্টগ্রাম অঞ্চলে কৃষি কলেজ চাই

বৃহত্তর চট্টগ্রাম অঞ্চল থেকে প্রতিবছর হাজার হাজার ছাত্র-ছাত্রী এস, এস, সি এবং এইচ, এস, সি উত্তীর্ণ হলেও এ অঞ্চলে একটি কৃষি কলেজ অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে কৃষি বিভাগ না থাকায় এলাকার ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষায় ব্যাপক বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ছাত্র-ছাত্রীরা কৃষি বিষয়ে পড়ালেখা করার জন্য উৎসাহী হলেও এ অঞ্চলে কোন কৃষি কলেজ না থাকায় তাদের ইচ্ছা পূরণ হচ্ছে না। এমতাবস্থায় আমরা চট্টগ্রাম অঞ্চলে একটি কৃষি কলেজ প্রতিষ্ঠার জন্য সরকার সমীপে আবেদন জানাচ্ছি। এই প্রসঙ্গে বলা যায়, চট্টগ্রামের হাটহাজারীস্থ কৃষি সম্প্রসারণ প্রশিক্ষায়তনটি কৃষি কলেজে উন্নীত করা হলে সরকারের অনেক টাকার সাশ্রয় হবে।

আবু তাহের চৌধুরী;
প্রেসক্লাব
কক্সবাজার।